

নায়েম পরিচালিত গবেষণাকর্মের চেক হস্তান্তর

শিক্ষা বিষয়ক গবেষণা বাড়াতে হবে-শিক্ষামন্ত্রী

ঢাকা, ১২ জুলাই

জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) পরিচালিত ২০১৬-১৭ অর্থবছরে সম্পাদিত ১২টি গবেষণাকর্মের ব্যয় ও সম্মানীবাবদ চেক হস্তান্তর করা হয়েছে। আজ ঢাকায় নায়েম কনফারেন্স হলে ১২টি গবেষণাদলের হাতে ১ লাখ ৪৫ হাজার টাকা করে মোট ১৭ লাখ ৪০ হাজার টাকার চেক হস্তান্তর করা হয়। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ প্রধান অতিথি হিসেবে চেক বিতরণ করেন।

এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী বলেন, গুনগত মান বৃদ্ধি একটি চ্যালেঞ্জ। সারা পৃথিবীর সামনেই এটা চ্যালেঞ্জ। শিক্ষার মান উন্নয়নের জন্য শিক্ষা খাতে বিভিন্ন সমস্যা ও তা উত্তরণের উপায় নিয়ে গবেষণা আরো বাড়াতে হবে। তিনি বলেন, সকল গবেষণার প্রায়োগিক দিক রয়েছে। গবেষণা ও নতুন জ্ঞান সৃষ্টির মাধ্যমে আমাদের নিজেদের সমস্যা নিজেরাই সমাধান করতে হবে। তিনি বলেন, শিক্ষা বিষয়ক গবেষণা আরো বাড়াতে হবে।

নায়েমের মহাপরিচালক প্রফেসর মো. হামিদুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক ড. এস এম ওয়াহিদুজ্জামান এবং শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব ড. অরুনা বিশ্বাস বক্তৃতা করেন।

অনুষ্ঠানে সম্পাদিত ১২টি গবেষণাকর্মের মুখ্য বিষয়ে পাওয়ার পয়েন্ট উপস্থাপনা পেশ করা হয়।

মোহাম্মদ আফরাজুর রহমান

সিনিয়র তথ্য অফিসার

শিক্ষা মন্ত্রণালয়

মোবাইল: ০১৯১১-০০৭৫৩৯